



মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

☎ ০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com

🌐 pbs.moulvibazar.gov.bd



ISO 9001:2015 Certified



স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০৩৮.২৩. ২৪৬০

তারিখঃ

২৮ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ট্রান্সফরমার ওয়েলের কেমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন করার নিমিত্ত দরপত্র আহ্বান প্রসঙ্গে।

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় অত্র সমিতির বিনষ্ট বিতরন ট্রান্সফরমার হতে অপসারণকৃত যাহা সেন্ট্রিফিউজিং অনুপযোগী সেই সমস্ত ট্রান্সফরমার ওয়েল পুনঃরায় মেরামতকৃত বিতরন ট্রান্সফরমারে ব্যবহারের জন্য ওয়েলের কেমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন করা জন্য প্রকৃত রিফাইনকারী/ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে "RFQ (রিকোয়েস্ট ফর কোটেশন)" এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

(ক)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	ঃ ১৮/০৫/২০২৩ খ্রিঃ, সময়ঃ ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত।
(খ)	দরপত্র দাখিল ও খোলার স্থান	ঃ (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (ii) সিনিয়র জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
(গ)	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ ১৮/০৫/২০২৩ খ্রিঃ, সময়ঃ ১২ঃ০৫ ঘটিকা।

মালামালের বিবরণ ও মূল্য তালিকা

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকায়)	
			একক মূল্য	মোট মূল্য
০১	বিতরন ট্রান্সফরমার ওয়েলের কেমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন করন।	৪০ ড্রাম (প্রতি ড্রাম ২০৫ লিটার)		
			সর্বমোট =	

শর্তাবলীঃ

- ০১। দরপত্র উপরে বর্ণিত সময়সীমা অনুযায়ী "খ"-এ বর্ণিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ "গ"-এ বর্ণিত সময়সূচি অনুযায়ী "খ"-এ বর্ণিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের সহিত ড্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও আয়কর সার্টিফিকেট এবং ব্যাংক সলভেন্সি এর সত্যায়িত (নাম পদবিসহ) ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (BERC) এর অনুমোদনকৃত, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন(BPC) এর সহিত চুক্তিকৃত এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র এর প্রয়োজনীয় ডকুমেন্ট দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- ০৪। রিফাইনকৃত তেলের গুনগতমান কমপক্ষে ০১(এক)বৎসর গ্রহণযোগ্য পর্যায় থাকতে হবে। অন্যথায় নিজ খরচে তেল পুনরায় রিফাইন করার পর নিজ খরচে সমিতিতে ফেরত প্রদান করতে হবে।
- ০৫। নিজ দায়িত্বে রিফাইনকৃত গ্রহন করে পরিবহন করতে হবে এবং রিফাইন করার পর উক্ত তেল নিজ খরচে সমিতিতে পরিবহন করে জমা প্রদান করতে হবে। এর জন্য পৃথকভাবে কোন পরিবহন খরচ প্রদান করা হবে না।
- ০৬। মোট গ্রহনকৃত তেল হতে কমপক্ষে ৭০% হতে ৮০% রিফাইনকৃত তেল ফেরত দিতে হবে। এবং সমিতির প্রতিনিধির উপস্থিতিতে টেস্ট করতে হবে।
- ০৭। পবিস কর্তৃক প্রদানকৃত পুরাতন ড্রাম পরিবর্তন করে নতুন নতুন ড্রাম সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রতি পুরাতন ড্রাম ৩০০.০০(তিনশত) টাকা হারে সমিতিতে প্রদান করতে হবে এবং নতুন সরবরাহকৃত ড্রামের মূল্য বাবদ পবিস হতে ৫০০.০০(পাঁচশত) টাকা হারে প্রদান করা হবে।
- ০৮। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে "ট্রান্সফরমার ওয়েলের কেমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন করনের নিমিত্ত দরপত্র" কথাটি লিখতে হবে।
- ০৯। সরকারী নিয়ম অনুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- ১০। রিফাইনকৃত তেল সমিতির স্টোরে জমা প্রদানের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১১। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বের সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ১২। চাহিদা মোতাবেক মালামালের পরিমাণ কম বেশি হতে পারে।
- ১৩। বিল পরিশোধের ক্ষেত্রে কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। মৌলভীবাজার পবিস কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি আপনাদের নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ০৩। পুলিশ সুপার, মৌলভীবাজার।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,.....পবিস ১/২/৩/৪।
- ০৫। ডিজিএম, মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, মৌলভীবাজার পবিস।
- ০৬। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), মৌলভীবাজার পবিস।
- ০৭। এজিএম (আইটি), মৌলভীবাজার পবিস। (সমিতির ওয়েব সাইটে প্রচারের জন্য)
- ০৮। মেসার্স.....
- ০৯। নোটিশ বোর্ড, মৌলভীবাজার পবিস।
- ১০। অফিস ফাইল/মাস্টার ফাইল।

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার